

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬. ৫৩৯

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ।
০৯ জুন, ২০১৬ খ্রিঃ।


বিষয় : ফরিদপুর পৌরসভাকে সিটি কর্পোরেশনে উন্নীত করার নিমিত্ত পৌরসভা এলাকার সীমানা সম্প্রসারণের কারণে ফরিদপুর সদর উপজেলার ১১টি ইউনিয়ন পুনর্গঠন সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, ফরিদপুর কার্যালয়ের স্মারক নং-০৫.২৮৩.০১৮.১৭.০০.৩০৮.২০১৬-৯২, তারিখঃ ১৫/০২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর পৌরসভাকে সিটি কর্পোরেশনে উন্নীত করণের নিমিত্ত পৌরসভা এলাকার সীমানা সম্প্রসারণের কারণে ফরিদপুর সদর উপজেলার ১১ টি ইউনিয়নের নির্বাচন স্থগিত করার জন্য নির্বাচন কমিশনকে পত্র দেয়া হয়। ইতোমধ্যে ফরিদপুর পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে ফরিদপুর সদর উপজেলাধীন ৮টি ইউনিয়ন যথাক্রমে- (১) কানাইপুর, (২) কৈজুরী, (৩) গেরদা, (৪) আলিয়াবাদ, (৫) অম্বিকাপুর, (৬) ডিক্রিরচর, (৭) কৃষ্ণনগর ও (৮) মাচর এর অংশবিশেষকে পৌর এলাকা ঘোষণা সংক্রান্ত প্রজ্ঞাপনের গেজেট প্রকাশিত হয়েছে (কপি সংযুক্ত)। তৎপ্রেক্ষিতে ফরিদপুর সদর উপজেলার ইউনিয়নসমূহ পুনর্গঠন করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, ফরিদপুর পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে সদর উপজেলাধীন ৮টি ইউনিয়নের অংশ বিশেষকে পৌর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে উক্ত ৮টি ইউনিয়নসহ অবশিষ্ট ৩টি ইউনিয়ন স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারামতে পুনর্গঠনপূর্বক নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে.....পাতা।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
ফরিদপুর।

অনুলিপি

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে-বাংলানগর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।